গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৭/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ১০ জানুয়ারি ২০১৯, ২৭ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ
২। বঙ্গবন্ধুর সমাধিতে প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার সদস্যদের শ্রদ্ধা
৩। একাদশ সংসদের প্রথম অধিবেশন ৩০ জানুয়ারি
৪। পণ্যের ব্র্যান্ডিংয়ে উদ্যোগী হতে হবে : বাণিজ্যমেলার উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রপতি
৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মালদ্বীপ, নিকারাগুয়া, সিঙ্গাপুরসহ বিভিন্ন রাষ্ট্র ও সরকার প্রধানের অভিনন্দন
৬। আইন সংশোধন করে জামায়াতের বিচার করা হবে : আইনমন্ত্রী
৭। দেশের স্বার্থ সমুন্নত রেখে বিদেশি ঋণ সংস্থার সঙ্গে নেগোসিয়েশন করতে হবে : ইআরডি'র কর্মকর্তাদের প্রতি অর্থমন্ত্রী
৮। খেলাপি ঋণ আদায়ে আইনের সংশোধন করা হবে : অর্থমন্ত্রী
কর্মসংস্থান বাড়াতে বিশ্বব্যাংকের ২৫ কোটি ডলার ঋণ
৯। ভারত ও চীনের সঙ্গে কার্যকর সম্পর্ক গড়তে চায় বাংলাদেশ : পিটিআইকে পররাষ্ট্রমন্ত্রী
১০। এক মাসের মধ্যে শ্রমিকদের সমস্যার সমাধান : বাণিজ্যমন্ত্রী
১১। শ্রমিকদের মজুরি সমস্যার দ্রুত সমাধান হবে : শ্রম প্রতিমন্ত্রী
১২। মিয়ানমারের অভিযোগ পুরোপুরি ভিত্তিহীন : আরসার ঘাঁটি প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়
১৩। গণতন্ত্র সূচকে উন্নতি বাংলাদেশের
১৪। দক্ষিণ এশিয়ায় ক্রমবর্ধমান অর্থনীতির শীর্ষে বাংলাদেশ
১৫। ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু আজ

চলমান পাতা-২

**১। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

বাঙালির মুক্তি সংগ্রামের ইতিহাসে ১০ জানুয়ারি এক অনন্য দিন। স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ। ৩০ লাখ শহীদের রক্তের বিনিময়ে দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী সংগ্রামে বিজয় অর্জনের পর ১৯৭২ সালের ঐতিহাসিক এ দিনে তৎকালীন পশ্চিম পাকিস্তানে দীর্ঘ কারাবাস শেষে সদ্য স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের মাটিতে ফিরে আসেন মুক্তিযুদ্ধের মহানায়ক বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুর এ স্বদেশ প্রত্যাবর্তনের ঘটনা বিশেষ তাৎপর্যপূর্ণ। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। এছাড়া আওয়ামী লীগসহ বিভিন্ন সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২। বঙ্গবন্ধুর সমাধিতে প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার সদস্যদের শ্রদ্ধা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করে গতকাল (৯ জানুয়ারি বুধবার) টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন। দুপুর সাড়ে ১২টার দিকে প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া পৌঁছে বঙ্গবন্ধুর সমাধি সৌধের বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। তিনি সমাধি সৌধের বেদীর পাশে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এ সময় তিন বাহিনীর পক্ষ থেকে গার্ড অভ্ অনার প্রদান করা হয়। এ ছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুপুর ১টা ৩৭ মিনিটে মন্ত্রিপরিষদের নবনির্বাচিত সদস্যদের সঙ্গে নিয়ে বঙ্গবন্ধুর সমাধি সৌধের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করে তার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। এরপর প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সদস্যরা ফাতেহা পাঠ ও বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৩। একাদশ সংসদের প্রথম অধিবেশন ৩০ জানুয়ারি**

একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হচ্ছে আগামী ৩০ জানুয়ারি বুধবার। ঐদিন বিকাল তিনটায় সংসদ অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সংবিধান অনুযায়ী অধিবেশনের প্রথমদিন সংসদে ভাষণ দেবেন রাষ্ট্রপতি। এছাড়া ঐদিনই একাদশ সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৪। পণ্যের ব্র্যান্ডিংয়ে উদ্যোগী হতে হবে : বাণিজ্যমেলার উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্যে টিকে থাকতে হলে অনেক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। এ জন্য দক্ষতা অর্জনের পাশাপাশি বাণিজ্য সম্প্রসারণ, নতুন বাজার সৃষ্টি ও পণ্যের বহুমুখীকরণেও মনোযোগী হতে হবে। উৎপাদনশীলতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে পণ্যের মানোন্নয়ন, পণ্যের ব্র্যান্ডিংও আকর্ষণীয় করতে উদ্যোগী হতে হবে। রাষ্ট্রপতি বলেন, নিজস্ব ব্র্যান্ডে রফতানি করা সম্ভব হলে রফতানির পরিমাণ বাড়বে। একইসঙ্গে এ খাত থেকে পাওয়া সুবিধাও বহুলাংশে বৃদ্ধি পাবে। গতকাল (৯ জানুয়ারি বুধবার) ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মালদ্বীপ, নিকারাগুয়া, সিঙ্গাপুরসহ বিভিন্ন রাষ্ট্র ও সরকার প্রধানের অভিনন্দন**

টানা তৃতীয় মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ায় আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মিয়ানমার, মালদ্বীপ ও নিকারাগুয়ার প্রেসিডেন্ট এবং সিঙ্গাপুর ও ভিয়েতনামের প্রধানমন্ত্রী। রাষ্ট্রপ্রধানরা পৃথক পৃথক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বলে গতকাল (৯ জানুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে জানানো হয়েছে। এর আগে সার্ক মহাসচিব ও বিমসটেক মহাসচিব এবং পার্লামেন্টারি ইউনিয়ন অভ্ দি ওআইসি মেম্বার স্টেটসের মহাসচিবও অভিনন্দন বার্তা পাঠিয়েছেন। গত ৭ জানুয়ারি সোমবার শেখ হাসিনা প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর চীন ও নেপালের প্রধানমন্ত্রী তাঁকে অভিনন্দন জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৬। আইন সংশোধন করে জামায়াতের বিচার করা হবে : আইনমন্ত্রী**

মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সংগঠন হিসেবে জামায়াতে ইসলামীর বিচার শুরুর জন্য আবারও আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা নিয়ে আবারও আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে পাঠিয়ে দেব, যাতে এটা মন্ত্রিসভায় উপস্থাপন

করা হয়। গতকাল (৯ জানুয়ারি বুধবার) সচিবালয়ে লেজিসলেটিভ ও সংসদ বিভাগ আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭। দেশের স্বার্থ সমুন্নত রেখে বিদেশি ঋণ সংস্থার সঙ্গে নেগোসিয়েশন করতে হবে : ইআরডি'র কর্মকর্তাদের প্রতি অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, অত্যন্ত শক্ত অবস্থানে থেকে বিভিন্ন আন্তর্জাতিক ও বিদেশি ঋণ সংস্থার সঙ্গে নেগোসিয়েশন করতে হবে, যেন বাংলাদেশের স্বার্থ সমুন্নত থাকে। এক্ষেত্রে ঋণচুক্তির শর্তসমূহ বাংলাদেশের অনুকূলে রাখার বিষয়টি নিশ্চিত করতে তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) কর্মকর্তাদের নির্দেশনা দেন। গতকাল (৯ জানুয়ারি বুধবার) ইআরডির কর্মকর্তাদের সঙ্গে রাজধানীর শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে এক সভায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৮। খেলাপি ঋণ আদায়ে আইনের সংশোধন করা হবে : অর্থমন্ত্রী কর্মসংস্থান বাড়াতে বিশ্বব্যাংকের ২৫ কোটি ডলার ঋণ**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ব্যাংক কোম্পানি আইন খুব দ্রুত সংশোধন করা হবে, যাতে ঋণ খেলাপিরা আইনের ফাঁকফোকর দিয়ে বেরিয়ে যেতে না পারে। তিনি বলেন, প্রথমত প্রধানমন্ত্রীর ও আইন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ব্যাংক কোম্পানি আইনটি সংশোধন ও পরিমার্জন করা হবে। এ ছাড়া বিধি পরিবর্তন ও কেনো খেলাপি ঋণ ব্যাংকের ব্যালেন্স শিট থেকে বাদ দেওয়া হচ্ছে তা খতিয়ে দেখতে হবে। গতকাল (৯ জানুয়ারি বুধবার) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ও কর্মকর্তাদের সঙ্গে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের একথা বলেন।

এছাড়া গতকাল (৯ জানুয়ারি বুধবার) রাজধানীর একটি হোটেলে 'জব ডেভেলপমেন্ট পলিসি ক্রেডিট' শীর্ষক প্রকল্পে বিশ্বব্যাংকের সাথে ২৫ কোটি ডলার ঋণ চুক্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেছেন, ভালো কর্মসংস্থান তৈরি করাই সরকারের অগ্রাধিকার লক্ষ্য। বাজেট সহায়তার আওতায় বিশ্বব্যাংক এ ঋণ দিচ্ছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমেদ এবং বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান ঋণ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**৯। ভারত ও চীনের সঙ্গে কার্যকর সম্পর্ক গড়তে চায় বাংলাদেশ : পিটিআইকে পররাষ্ট্রমন্ত্রী**

নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, অর্থনৈতিক কূটনীতিতে অগ্রাধিকার দিয়ে প্রতিবেশী দেশ ভারত ও চীনের সঙ্গে কার্যকর সম্পর্ক গড়তে চায় বাংলাদেশ। গত ৮ জানুয়ারি মঙ্গলবার ভারতীয় বার্তা সংস্থা পিটিআইকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী দৃঢ় অংশীদারিত্ব প্রতিষ্ঠা ও বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় অন্য মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে কাজ করবে। তিনি বলেন, আমার মূল লক্ষ্য হলো গুরুত্বপূর্ণ দেশগুলোর সঙ্গে, বিশেষ করে প্রতিবেশীদের সঙ্গে শক্তিশালী অর্থনৈতিক কূটনীতি অনুসরণ করা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৮)।

**১০। এক মাসের মধ্যে শ্রমিকদের সমস্যার সমাধান : বাণিজ্যমন্ত্রী**

আগামী এক মাসের মধ্যে গার্মেন্টস শ্রমিকদের সমস্যার সমাধান করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। এ জন্য তিনি শ্রমিকদের ধৈর্য ধারণ করে কাজে ফিরে যাওয়ার আহ্বান জানান। গতকাল (৯ জানুয়ারি বুধবার) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে জরুরি সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী এ আহ্বান জানান। তিনি আরও বলেন, প্রতিশ্রুতি দেওয়ার পরও কারখানা ভাঙচুর কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন, এ ধরনের আন্দোলনে অনেক সময় বাইরের লোক ঢুকে যায়। সে বিষয়টি সরকার কঠোরভাবে পর্যবেক্ষণ করছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** ( শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬)।

**১১। শ্রমিকদের মজুরি সমস্যার দ্রুত সমাধান হবে : শ্রম প্রতিমন্ত্রী**

পোশাক শ্রমিকদের মজুরি সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন নবনিযুক্ত শ্রম প্রতিমন্ত্রী মুন্নুজান সুফিয়ান। তিনি শ্রমিকদের শান্ত হওয়ার আহ্বান জানিয়ে বলেন, দ্রুত চলমান সঙ্কটের সমাধান করা হবে। গতকাল (৯ জানুয়ারি বুধবার) পোশাকখাতে মজুরি ও বেতন নিয়ে সৃষ্ট জটিলতা সংক্রান্ত বিষয় নিয়ে ঢাকায়

জরুরি সংবাদসম্মেলনে এসব কথা বলেন শ্রম প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, সঙ্কট নিরসনে ইতোমধ্যে মালিকপক্ষের পাঁচজন, শ্রমিকপক্ষের পাঁচজন এবং সরকারের বাণিজ্য সচিব ও শ্রম সচিবকে নিয়ে **১২** সদস্যের একটি কমিটি হয়েছে। ত্রিপক্ষীয় এ কমিটি শ্রমিকদের বেতনের অসঙ্গতি দূর করার ব্যাপারে আন্তরিকভাবে কাজ করে যাবে। আজ (১০ জানুয়ারি বৃহস্পতিবার) শ্রম মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এ পর্যালোচনা কমিটি প্রথম বৈঠকে বসবে। এ বৈঠকেই উদ্ভূত সমস্যার সমাধান আসবে বলে আশা প্রকাশ করেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১২। মিয়ানমারের অভিযোগ পুরোপুরি ভিত্তিহীন : আরসার ঘাঁটি প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়**

বাংলাদেশে আরাকান আর্মি ও আরসার ঘাঁটি রয়েছে বলে মিয়ানমারের প্রেসিডেন্ট দপ্তরের মুখপাত্র যাউ হতাই যে বক্তব্য দিয়েছেন, তার প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। গতকাল (১০ জানুয়ারি বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ প্রতিবাদ জানানো হয়। এতে বলা হয়, মিয়ানমার সরকারের মুখপাত্রের দেওয়া ঐ বক্তব্য একেবারেই ভিত্তিহীন ও অসত্য। প্রতিবেশী দেশের বিরুদ্ধে এ ধরনের কর্মকাণ্ড চালানোর জন্য কাউকে সুযোগ দেয় না বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের নিরাপত্তাবাহিনীর কঠোর সতর্কতামূলক পদক্ষেপের কারণে এখানে বসে কোনো গ্রুপের সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনার সুযোগ নেই। একইসঙ্গে রাজনৈতিক ও সামাজিক কারণে সে দেশের অভ্যন্তরে ঘটে চলা সহিংস ঘটনার সঙ্গে বাংলাদেশকে না জড়ানোর জন্যও মিয়ানমারকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৩)।

**১৩। গণতন্ত্র সূচকে উন্নতি বাংলাদেশের**

লন্ডনভিত্তিক ইকোনমিস্ট সাময়িকীর গবেষণা ও পর্যালোচনা বিভাগ ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের (ইআইইউ) মূল্যায়নে ২০১৮ সালের গণতন্ত্র সূচকে আগের বছরের চেয়ে বাংলাদেশের উন্নতি হয়েছে। এ সূচকে বাংলাদেশের স্কোর ১০-এর মধ্যে ৫ দশমিক ৫৭ এবং ১৬৭ দেশের মধ্যে অবস্থান ৮৮তম। এর আগের বছর স্কোর ছিল ৫ দশমিক ৪৩ এবং একইসংখ্যক দেশের মধ্যে অবস্থান ছিল ৯২তম। এতে করে বাংলাদেশের অবস্থানের উন্নতি হয়েছে চার ধাপ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**১৪। দক্ষিণ এশিয়ায় ক্রমবর্ধমান অর্থনীতির শীর্ষে বাংলাদেশ**

বিশ্বের ক্রমবর্ধমান অর্থনীতির তালিকায় দক্ষিণ এশিয়ায় সবার ওপরে রয়েছে বাংলাদেশ। গত ৮ জানুয়ারি মঙ্গলবার বিশ্বব্যাংকের ওয়েবসাইটে গ্লোবাল ইকোনমিক প্রসপেক্ট শিরোনামে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিশ্বব্যাংকের প্রকাশিত ঐ প্রতিবেদনে বলা হয়, গেল অর্থবছরে বাংলাদেশের আনুমানিক প্রবৃদ্ধি ছিল ৭ দশমিক ৯ শতাংশ। একই সময়ে ভারতের প্রবৃদ্ধি ছিল ৭ দশমিক ৩ আর পাকিস্তানের ৫ দশমিক ৮ শতাংশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১৫। ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু আজ**

'নান্দনিক চলচ্চিত্র, মননশীল দর্শক, আলোকিত সমাজ' প্রতিপাদ্যে আজ (১০ জানুয়ারি বৃহস্পতিবার) থেকে শুরু হচ্ছে সপ্তদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। রেইনবো ফিল্ম সোসাইটি আয়োজিত নয় দিনব্যাপী এ চলচ্চিত্র উৎসবে ৭২টি দেশের ২১৮টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। আজ রাজধানীর জাতীয় যাদুঘরে প্রধান মিলনায়তনে উৎসবের উদ্বোধন হবে। এ উৎসব চলবে ১৮ জানুয়ারি পর্যন্ত। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এক দরজায় সকল সেবা বা ওয়ান স্টপ সার্ভিস চালু করায় স্বাগত জানিয়ে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরির মাধ্যমে দেশ আরও এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **সমকাল :** মাদকের ব্যবহার ও চোরাচালান বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **সংবাদ :** ঢাকা কেন্দ্রীয় কারাগারে রোগী সেজে কারা হাসপাতালে অনেক সুস্থ কারাবন্দি থাকায় অনেক অসুস্থ কারাবন্দি টাকা দিতে না পেরে কারা হাসপাতালে চিকিৎসা বা ভর্তি হয়ে সিট পান না উল্লেখ করে এসব অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** আদালতের আদেশের বাধ্যবাধকতাকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী **৩১** মার্চের মধ্যে কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের উদ্যোগ নিয়েছে উল্লেখ করে সবার অংশগ্রহণে অবাধ ও সুষ্ঠু একটি ডাকসু নির্বাচন আয়োজনের পাশাপাশি অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনের দ্বার খুলে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ভোরের কাগজ** : বেতন বৈষম্যকে কেন্দ্র করে রাজধানীসহ বিভিন্ন স্থানে শ্রমিকদের আন্দোলন বিক্ষোভ চলছে উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত সুরাহা করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** আজ ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উল্লেখ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে সবাইকে একযোগে কাজ করার আহ্বান।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যে স্বপ্ন ও প্রত্যাশা নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা করেছিলেন দীর্ঘ পথ পরিক্রমায় তারই সুযোগ্য উত্তরসূরি প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে আজ তা অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও শোষণমুক্ত সোনার বাংলায় রূপান্তরিত হতে চলেছে।

## নিবন্ধ ও ফিচার

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধু বাঙালি জাতীয়তাবাদের প্রবক্তা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন বাঙালি জাতীয়তাবাদের প্রবক্তা এবং এর আলোকে উদ্ভাসিত একজন সফল রাষ্ট্রনায়ক।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা